দৈনিক আমাদের সময়

প্রাথমিক শিক্ষক সমিতি

# সহকারী থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির দাবি

নিজস্ব প্রতিবেদক ●
প্রধানমন্ত্রী ঘোষিত স্কেল অনুযায়ী প্রধান শিক্ষকদের বেতন নির্ধারণ ও সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির দাবি জানিয়েছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি। গতকাল রাজধানীর মৈত্রী মিলনায়তনে সমিতির কেন্দ্রীয় কমিটির সভায় এ দাবি জানানো হয়।

সভায় নেতারা বলেন, ২০১৪ সালের ৯ মার্চ প্রধানমন্ত্রীর ঘোষিত প্রাথমিক শিক্ষকদের জন্য উন্নতকরণ বেতন স্কেল ও প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির গেজেটেড মর্যাদা আজও বাস্তবায়ন হয়নি। প্রধানমন্ত্রীর ঘোষণার পরও সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো প্রাথমিক শিক্ষকদের বেতন স্কেল দাবিসমূহ পূরণে গড়িমসি করে আসছে। তারা অবিলম্বে সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির দাবি জানান। দাবি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তারা। সভায় প্রধানমন্ত্রী ঘোষিত প্রধান শিক্ষকদের উন্নতকরণ বেতন স্কেল নির্ধারণ বা দশম গ্রেড প্রদান এবং দ্রুত সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির দাবিতে ২০ মে থেকে আগামী ২০ জুন পর্যন্ত মাসব্যাপী ৮ বিভাগে বিভাগীয় সমাবেশ করার ঘোষণা দেওয়া হয়। পরে ২৩ জুন প্রতিনিধি পরিষদের সভা ও সম্মেলনের (কাউন্সিল) নির্বাচন কমিশন ঘোষণা এবং ২৯ জুলাই বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় সম্মেলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতির সভাপতি মো. আবুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, সহ-সভাপতি জাহানারা খানম, মোয়াজ্জেম হোসেন, জুলফিকার আলী, যুগ্ম সম্পাদক গাজীউল হক চৌধুরী প্রমুখ।